



খালেদা জিয়ার জন্মদিন উপলক্ষে দেশজুড়ে বিএনপির কর্মসূচি



ছবি: সংগৃহীত

সাবেক প্রধানমন্ত্রী ও বিএনপির সাবেক চেয়ারপারসন খালেদা জিয়ার জন্মদিন উপলক্ষে দেশব্যাপী দোয়া ও মিলাদ মাহফিলের আয়োজন করেছে বিএনপি।

গুৱেবার (১৪ আগস্ট) বিএনপির সিনিয়র যুগ্ম মহাসচিব রুহুল কবির রিজভীর সই করা এক সংবাদ বিজ্ঞপ্তিতে এ কর্মসূচির কথা জানানো হয়।

দলটির ঘোষিত কর্মসূচি অনুযায়ী, শনিবার (১৫ আগস্ট) ঢাকাসহ দেশের বিভিন্ন স্থানে বিএনপি এবং এর অঙ্গ ও সহযোগী সংগঠনের উদ্যোগে দোয়া ও মিলাদ মাহফিল হবে। দলীয় কার্যালয় ও স্থানীয় মসজিদগুলোতে এসব আয়োজন করা হবে।

কেন্দ্রীয় কর্মসূচির অংশ হিসেবে শনিবার সকাল ১১টায় নয়াপল্টনে বিএনপির কেন্দ্রীয় কার্যালয়ে দোয়া ও মিলাদ মাহফিলের আয়োজন করা হয়েছে। এতে দলের জ্যেষ্ঠ নেতাদের উপস্থিতি থাকার কথা রয়েছে।

এ ছাড়া রাজধানীর পাশাপাশি দেশের জেলা, মহানগর, উপজেলা ও অন্যান্য পর্যায়েও একই কর্মসূচি পালন করা হবে।

বিএনপি জানিয়েছে, দলের নেতাকর্মীদের পাশাপাশি অঙ্গ ও সহযোগী সংগঠনের নেতাকর্মী এবং সমর্থকদের এসব দোয়া মাহফিলে অংশ নেওয়ার জন্য অনুরোধ করা হয়েছে।